# নবীগণ - ১




Published by the Comic Bible Society, LLC
Copyright © 2021

Kingstone Comics maintains copyright to this comic book as provided by United States copyright law.

Print and digital copies of this version may be freely distributed without penalty under a Creative Commons license.




২রাজাবলী১৫; যিশাইয় ৬:১


--আমি সদাপ্রভুকে দেখেছি।চ
পবিত্র! পবিত্র! পবিত্র!
পবিত্র সর্বশক্তিমান ঈশ্বর!
পৃথিবী তাঁর গৌরবে পরিপূর্ণ!
পবিত্র! পবিত্র! পবিত্র!
সদাপ্রভুই পবিত্র!
–আমি ঈশ্বরকে উর্দ্ধে এবং মহিমান্বিতদেখতে পেলাম।চ


পবিত্র! পবিত্র! পবিত্র!
সদাপ্রভুই পবিত্র!
পবিত্র সর্বশক্তিমান ঈশ্বর!
পবিত্র! পবিত্র! পবিত্র!


ধিক আমাকে!
আমি নষ্ট হলাম! আমি সদাপ্রভুকে দেখেছি!
আমি ... আমি একজন পাপী মানুষ!
আমি অশুচিমুখের লোকদের মধ্যে থেকে একজন অশুচি মুখের পাপী মানুষ!
কিন্তু আমি সর্বশক্তিমানকে দেখেছি!
পবিত্র! পবিত্র! পবিত্র!
পবিত্র! পবিত্র! পবিত্র!
সর্বশক্তিমান সদাপ্রভুই পবিত্র, স্বর্গের বাহিনীর রাজা!


সেখানে।
কয়লা তোমারমুখ স্পর্শ করেছে।
তোমার অপরাধক্ষমা হোল।
তোমার পাপ মুছে গেছে
৮তখন আমি প্রভুকে জিজ্ঞাসা করতে শুনলাম:চ
এই লোকগুলির কথা তুমি বলছিলে, আমি তাদের কাছে একজন বার্তাবাহক হিসাবে কাকে পাঠাব?
কে যাবে আমাদের জন্য?
এই আমি!
আমাকে পাঠাও!
যাও এবং তাদের বলো তোমরা শুনতে থাকবে, কিন্তু বুঝতে পারবে না!
দেখতে থাকবে, কিন্তু উপলব্ধি করতে পারবে না!
কারণ যদি তাদেরকলুষিত, অবোধ এবং মূর্খ হৃদয়অবিরত এটি না করে তবে -

যিশাইয় ৬:৭-১০






যিশাইয় ৬:১০-১৩; যিশাইয় ১



সিংহাসন, যোথম থেকে তাঁর পুত্র আহসের কাছে গেল।
হে লোকেরা, শোনো!
যাকে আমি ভালোবাসি উর্বর পাহাড়ে একটি আঙুরের লতারোপন করেছি!
তিনি পাথরগুলি পরিষ্কার করলেন এবং একটি আঙুর-পেষণ যন্ত্র রাখলেন এবং কেবল শ্রেষ্ঠআঙুরের লতা লাগিয়েছিলেন!
কিন্ত--
--এটি কেবল খারাপ ফল দেয়!
প্রভু বলেছেন, আমি যা করার তাই করেছি! তাহলে আমার আঙুরের লতাটি খারাপ আঙুর ফল দেয় কেন?
সুতরাং আমি এখন এটাই করব।
আমি এটিকে পদ-দলিত হতে দেব। আমি এটিকে একটি জঞ্জালভূমিতে পরিণত করব।
সেখানে আঙ্গুর পরিবর্তে কাঁটার ঝোপ বৃদ্ধি পাবে।
সর্বশক্তিমান প্রভুর আঙুর ক্ষেত্র হোল ইস্রায়েল জাতি!
যিহূদার লোকেরা ভাল আঙুর লতা!
প্রভু ন্যায়বিচারের সন্ধান করেন কিন্তু নিপীড়নের দিকে দৃষ্টিপাত করেন!
তিনি ধার্মিকতার সন্ধান করেন কিন্তু সাহায্যের জন্য করা আর্তনাদশোনেন!
ধিক তাদের জন্য যারা মন্দকে ভালো বলে এবং যারা ভালোকে মন্দকেবলে।
লোকরা সদাপ্রভুর বিধি-ব্যবস্থা প্রত্যাখ্যান করেছে এবং তাঁর ক্রোধকে জাগরিত করে তুলেছে!
এমনকি যিশাইয় লোকদের ঈশ্বরের কাছে ফিরে আসতে বলেছেন, আহস মুখ ফিরিয়ে নিয়েছে।


এবং আহস সতর্কতার বার্তাও পেয়েছে ...
অরামীয়রা ইফ্রয়িমে শিবির স্থাপন করেছে৷ তারা তোমাকেতোমার সিংহাসনথেকে সরাতে চায়!
সুতরাং, উত্তর রাজ্যের সত্যই অরামের সাথে একটি জোট রয়েছে!
তাদের কাজই হোল আমাদের জন্য সমস্যার সৃষ্টি করা!
এটি ভয়ানক! আমরা কী করি?
আমাদের নিজস্ব একটি জোট সম্ভবত?
এবং প্রভু যিশাইয়ের সঙ্গে কথা বললেন ...
তুমি এবং তোমার ছেলে, শার-যাশূব, যাও ...
ধোপার ক্ষেতের দিকে মহাসড়কের উপরের পুষ্করিনির প্রণালীর কাছে আহসেরসঙ্গে দেখা কর
... এবং তাকে আমার বার্তা দাও।
...জলের মূল উত্স হিসাবে, আমাদের অবশ্যই নিশ্চিত হওয়া উচিত যে এটি নিরাপদ।
আহস দেখ৷
যিশাইয়, এটি কি?
রাজা আহস, উত্সাহের একটি বার্তা আছে।
প্রভু বলেছেন ভয় পাওয়ার কোনকারণ নেই।


অরাম এবং ইস্রায়েলের উত্তরের রাজ্যদুইজ্বলন্ত কাষ্ঠখণ্ডের ধোঁয়া!
তারা তোমার বিরুদ্ধে ষড়যন্ত্র করে এবং বলে, এসো যিহূদাকে আতঙ্কিত করি এবং জেরুশালেমের প্রাচীরটি ভেদ করে যাই।চ
কিন্তু প্রভু বলেছেন:
তাদের পরিকল্পনা কার্যকর হবে না।চ
ইফ্রয়িমের প্রধান হলেন রাজা পেকহ।চ
ইফ্রয়িম স্থায়ী হবে না।চ
এবং যদি তুমিও বিশ্বাস না কর তবে তোমার আর অস্তিত্ব থাকবে না।চ
যিশাইয়, আমাদের অবশ্যই পরিকল্পনা করতে হবে। আমি শুধু তোমার কথার উপর নির্ভর করতে পারি না!
প্রভু তাঁর কাছ থেকে কোন চিহ্ন চাওয়ার জন্য বলেছেন!
আমি তাঁর কাছে চাইব না!
আমি প্রভুকে পরীক্ষা করব না!
তুমি জিজ্ঞাসা করছ না কারণ তুমি বাস্তবেই তাঁর উত্তর চাও না?
প্রভুর কাছ থেকে একটি চিহ্ন আসবে!
কুমারীর দ্বারা জন্ম নেওয়া একটি শিশু, যাকে ইম্মানুয়েল বলা হয়, তিনি শক্ত খাবার খাওয়ার যথেষ্ট বয়স্ক হওয়ার আগেই ভাল এবং মন্দ সম্পর্কে জানতে পারবেন!
কিন্তু এর আগে অরাম ও ইস্রায়েল নির্জনস্থানে পরিণত হবে!
প্রভু যিহূদার বিরুদ্ধে ভয়ঙ্কর সময় আনবেন--
--এর আগে আর কখনো দেখা যায়নি! কিন্তু যিহূদা রক্ষা পাবে।
অন্ধকারের লোকেরা একটি মহান আলো দেখতে পাবে।
দায়ূদের ঘরে, কাঁধে রাজ্যভার নিয়ে একটি পুত্র জন্মগ্রহণ করবে।
তাঁর রাজত্ব কখনো শেষ হবে না।

যিশাইয় ৭, ৮, ৯



শহরগুলি অসরিয়দের কাছে ক্রমাগত পরাজিত হচ্ছিল।
শমরীয়। দামাস্কাস। হামাত। এবং আরও
রাজা তিগ্লৎ-পিলেষরউল্লাসিত এবং যিহূদাকে হুমকি দিয়েছে।
কলন, অরপদ, দামাস্কাস এবং শমরীয় সবাই একই রকম!
তাদেরমূর্তি ও দেবতা থাকা সত্ত্বেও আমার হাত তাদের রাজ্যে পৌঁছায়!
শমরিয়ার মূর্তিগুলি খুবই বড় ছিল, এবং এখন--
“-- আমি শমরিয়ার এবং তার প্রতিমাগুলির মতোই আমি জেরুশালেম এবং তার প্রতিমাগুলির অবস্থাও তাই করব!চ
এটি ভয়ানক!
হ্যাঁ! ভয়ানক! তিগ্লৎ-পিলেষর কী বলেছে তোমরা তা শুনেছো--
--এখন শোন প্রভু কি বলছেন!
“হায়,অসরিয়রা আসবে!চ
“কিন্তু অসরিয়রাহোল একজন অধার্মিক জাতির বিরুদ্ধে আমার শাস্তির দন্ড!চ
“তোমরা অন্যায়কারী, নীতিগুলি যা দিয়ে অভাবী, বিধবা এবং এতিমদের ক্ষতি করো!চ
“সুতারাং, শাস্তির দিন তোমরা কী করবে? তোমার কাছে যাওয়ার কেউ নেই! চ
“অসরিয় ও অন্যান্য রাজ্যগুলি সম্পূর্ণরূপেছিন্ন হবে, আর কখনও উত্থান হবে না!চ
“সুতরাং, দায়ূদের পরিবারও ছিন্নহবে!চ


কিন্তুযিশয়েরকুলের একটি গুঁড়ি থেকে একটি শাখাউত্পন্ন হবে।চ
প্রভুর আত্মা তাঁর উপরে থাকবে।চ
তিনি একজন ধার্মিক বিচারক হবেন।চ
তিনি পৃথিবীতে শান্তি ফিরিয়ে আনবেন।চ
সমস্তজাতি যিশয় থেকে উত্পন্ন শাখার দিকে ফিরবে, সমস্ত লোকের জন্য পতাকার মতো হবে!চ
প্রভুর দিন আসছে!চ
প্রভুর ক্রোধে পৃথিবী কেঁপে উঠবে!চ
ব্যাবিলনের পতন হবে! অসরিয়ার বিচার হবে!চ
মোয়াব ধ্বংস হবে! অরামও ধ্বংস হয়ে যাবে! চ
সমগ্র বিশ্বের বিচার করা হবে!চ
কারণ পৃথিবী তার মানুষ দ্বারা অশুচি ও দূষিত হয়ে উঠেছে!চ
পাপ এবং অপরাধের একটি অভিশাপ এটিকে গ্রাস করেছে!চ
কিন্তু সাহস করো! ঈশ্বর প্রতিশোধ নিয়ে আসেনড়
ড়কিন্তুতিনি তোমাদেররক্ষা করবেন!চ
সদাপ্রভুর মুক্ত হওয়া লোকেরা আনন্দ ধ্বনি করে সিয়োনে আসবে!চ
দুঃখ ও হতাশা পালিয়ে যাবে!চ



আহস কথা শোনেনি এবং এর পরিবর্তে সেই জিনিসগুলি নিজের হাতে তুলে নিয়েছে।
ইস্রায়েল এবং অরাম ঈশ্বরের দিকে ফিরে যাওয়ার পরিবর্তে যিহূদা ও আহসের বিরুদ্ধে যুদ্ধ করেছিল -
--অসিরিয়ার রাজা তিগ্লৎ-পিলেষরকের দিকে ফিরেছিল।
আহস বলে সে তোমার দাস।
সে বলেছে যে যেন তুমি তাকে আরাম ও ইস্রায়েলের হাত থেকে উদ্ধার করো।
এবং আহস ব্যক্তিগতভাবে সদাপ্রভুর ঘরে থাকা রুপো ও সোনাকে তিগ্লৎ-পিলেষর কাছে দেখানোর জন্য নিয়ে এসেছিল।
তিগ্লৎ-পিলেষর আহসের শত্রুদের জয় করেছে।
রাজা রেজিনকে হত্যা করা হয়েছিল এবং ইস্রায়েল থেকে অনেককে নির্বাসিত করা হয়েছিল।
আর আহস সদাপ্রভুর উদ্দেশে বলিদানের বেদীটি সরিয়ে ফেললেন।
তার জায়গায় তিগ্লৎ-পিলেষরের অনুরূপ একটি পৌত্তলিক বেদী বানালেন।
এর পরে, পৌত্তলিক উপাসনা আবার, দেশে প্রবেশ করল।
১ রাজাবলী১৬


আহস মারা গেলেন এবং তাঁর পুত্র হিষ্কিয় সিংহাসন গ্রহণ করলেন।
অসরিয়ার সাথে ধর্মীয় এবং রাজনৈতিক উভয় সম্পর্কের বিরুদ্ধে
--ঈশ্বরের সাথে জাতির সম্পর্ক পুনরুদ্ধার করতে তিনি কাজ শুরু করেছেন।
অসরিয়ার সরগন,অশদোদ শহর দখল করেছে!
আমাদের তাদের সাহায্য করা উচিত! এরপরে আমাদেরকেওআক্রমনকরতে পারে!
আরও একবার, সদাপ্রভু যিশাইয়কে কথা বলার জন্য একটি বার্তা দিলেন।
এবং এটি বলার একটি উপায়ও ...
মিশরীয় এবং ইথিওপীয়াদের মধ্যে একটি শ্রেষ্ঠ জোট তৈরী হয়েছে --
না! আমি যিশাইয়ের বার্তায় জ্ঞান পাই!
সেই উন্মাদ পাগল!
তিন বছর সে নগ্নও খালি পায়ে আছে!
আপনিসেইমূর্খের কথায় কিছুই করবেন না?
তাঁর কথাড়সদাপ্রভুরই বাণী! - সহজ, কিন্তু মূর্খ নয়!
“আমার দাস যিশাইয় এই তিন বছর উলঙ্গ হয়ে আছে, ঠিক তেমনি মিশর ও ইথিওপিয়াকেও লজ্জা দেওয়া হবে!”
“অসরিয়ার রাজা তাদের দূরে নিয়ে যাবেন, তারা লজ্জিত হবে কারণ তারা মিশরের শক্তিতে ভরসা করেছিল!”
কিছুই করবেন না? না!
আমরা সদাপ্রভুতে আমাদের আশা রেখেছি, মিশরের উপরে নয়!
এবং অশদোদের প্রতিরোধ করার পরিবর্তে, আমরা এখানে আমাদের দুর্গ গড়ে তুলি!

যিশাইয় ২০



হিষ্কিয়ের চৌদ্দ বছরের রাজত্বের সময় অসরিয়ার রাজা সনহেরীব আক্রমণ করেছিলেন।
তাঁর রণ-কৌশল: দুর্গের শহরগুলিকে অবরোধ করে রাখা এবং লোকেদের আত্মসমর্পণ না করা পর্যন্ত তাদের অনাহারেরাখা।
জেরুশালেমে যুদ্ধক্ষেত্রের সেনাপতি রবশাকি হিষ্কিয়কে ডেকে বললেন-
--ঈশ্বরযিশাইয়কে আহসের সাথে সেই একই জায়গায় দেখা করতে বলেছিলেন।
আমার প্রভু হিষ্কিয়কে জিজ্ঞাসা করেছেন যে তাঁর আত্মবিশ্বাস সে কোথা থেকে পায়।
তুমি কি মিশর থেকে আসা সাহায্য উপর নির্ভর করো? তারা শক্তিহীন।
তুমিতোমার ঈশ্বরের সাহায্যের উপর নির্ভর করো? তিনি শক্তিহীন।
হিষ্কিয় তোমাকে বোকা না
সেতোমাকে উদ্ধার করতে পারবে না!
তোমার ঈশ্বরওতোমাকে উদ্ধার করতে পারবে না!
যিহূদার লোকেরা, আত্মসমর্পণ কর এবং তোমরা তবে সুস্বাদু ফল খেতে পারবে এবং শীতল, পরিষ্কার জল পান করতে পারবে!
এবং তারপরে সে অন্যান্য জাতির দেবতাদের তালিকাভুক্ত করেছিল যারা সনহরীবের শক্তির বিরুদ্ধে দাঁড়াতে পারে নি।
আমাদের ধ্বংশ অবধারিত!
যিশাইয়ের কাছে যাও! সদাপ্রভু কি বলেন তার অনুসন্ধান করো!
হিষ্কিয় শোকের মধ্যে তাঁর পোশাক ছিঁড়ে ফেললেন।




যিশাইয় ৩৬:১-৩৭:২



ইলিয়াকিম, তাঁর প্রাসাদেরতত্ত্বাবধায়ক যিশাইয়েরকাছে গেলো
হিষ্কিয় জিজ্ঞাসা করেছেন যে প্রভু রবশাকিরঈশ্বর নিন্দা শুনবেন কিনা।
যিশাইয় আজ এক অন্ধকার দিন।
হ্যাঁ, তবে প্রভুর হিষ্কিয়ের পক্ষে কথা আছে।
অসরিয়দের কথায় ভয় পেয়ো না।চ
সনহেরীব একটি গুজব শুনতে পাবেচ
--আমার দ্বারাই সেকথা তার কানে পৌঁছাবে--চ
তা তাকে তার বাড়িতে নিয়ে যাবে, যেখানে সে তরোয়াল দ্বারা মারা যাবে।চ
এর পরেই, হিষ্কিয় প্রার্থনা করলেন
প্রভু, দয়া করে আমার বিনতি শুনুন!
সনহেরীবের হাত থেকে আমাদের উদ্ধার করুন, যাতে সমস্ত রাজ্যে জানতে পারে আপনিই একমাত্রঈশ্বর!
রবশাকি আরও একটি ঈশ্বরের নিন্দাসূচক চিঠি পাঠাল।
কিন্তু যিশাইয়ও একটি চিঠি পাঠালেন।
তিনি বলেছেন, তারা শহরে প্রবেশ করবে না এমনকি একটি তীরও নিক্ষেপ করতে পারবে না।চ
সদাপ্রভু বলেন, আমি এই শহরটিকে সুরক্ষাদেব এবং রক্ষা করব!চ
এবং সত্যিই, সেই গভীর রাতে--


--প্রভুর এক স্বর্গদূত অসরিয়দের শিবিরের মধ্য দিয়ে গেলেন।
সেই স্বর্গদূত, জেরুশালেম অবরোধ করেছিল এমন ১৮৫,০০০সৈন্যকে মেরে ফেললেন।
সনহেরীব তাঁর বিরুদ্ধে বিদ্রোহের গুজব শোনার কারণে অসরিয়ায় ফিরে এসেছিলেন।
সানহেরিব এবং অ্যাসিরিয়া এই অঞ্চলে আরও বিশ বছর ধরে হুমকির মধ্যে ছিল ...
--হিষ্কিয়ের পরবর্তী বড় হুমকি আরও বেশি জাগতিক ছিল।
সদাপ্রভুবলেন তোমার বিষয়-আশয়ের যথাযথব্যবস্থা করো।
তাহলে, যিশাইয়, আমি কি মারা যাব?
হে সদাপ্রভু, দয়া করুন। মনে করুন আমি আপনার সামনেকীভাবে চলতাম!
আর আমি তাই করেছি যা আপনার দৃষ্টিতে নায্য!
যিশাইয়, হিষ্কিয়কে বলো আমি তাঁর প্রার্থনা শুনেছি এবং তাঁর কান্না দেখেছি।
তাকে বলো আমি তার জীবনে আরো পনের বছর যুক্ত করব।
তাকে বলো আমি অসরিয়দের থেকে এই শহরটিকে রক্ষা করব।



হিষ্কিয় যখন সুস্থ হয়ে উঠলেন, বাবিলের গণ্যমান্য ব্যক্তিরা তাঁর সাথে দেখা করলেন।
অসুস্থতা এবং সনহেরিবের অবরোধের বিরুদ্ধে আপনার বিজয় উপলক্ষে এই উদযাপন!
আমরা জানি যে অন্যান্য জাতি আপনাকে উপহার দিয়েছে, তবে আমরা আশা করি এটি পছন্দ হবে!
হিষ্কিয় খুশী হয়েছিলেন এবং তিনি অতিথিদের তাঁর কোষাগারের সমস্ত কিছু দেখালেন।
এবং অস্ত্রাগারও।
এবং মশলা এবং তেলের ভান্ডারগুলিও দেখালেন।
যখন তারা চলে গেল,
ঐ লোকেরা কে ছিল? তারা তোমারকাছে কী চায়?
তারা ব্যাবিলন থেকে এসেছিল। আমাকে দেখতে এসেছিল।
তারা কী কী দেখেছে?
আমি এই বাড়ির সমস্ত কিছুই তাদের দেখিয়েছি। কেন?
হিষ্কিয়, সদাপ্রভু আমাকে তোমার সঙ্গে কথা বলতে বলেছেন।
তিনি বলেছেন, এমন দিন আসছে যখন তোমার বাড়ির সমস্ত কিছুই ড়
-- তোমার বাবার বাড়ির সমস্ত কিছুই-চ
-- ব্যাবিলনে নিয়ে যাওয়া হবে।চ
এমনকি তোমার ছেলেদেরও নিয়ে যাওয়া হবে।চ
প্রভুর কাছ থেকে তুমি যে কথা বলেছ তা ভাল।
কারণ আমার দিনগুলিতে শান্তি এবং সত্য থাকবে।



যিশাইয় ভবিষ্যদ্বাণী করতে থাকলেন।
তাঁর ভবিষ্যদ্বাণীগুলি বন্দীদশা এবং সান্ত্বনার বিষয়ে ছিল।
এবং মশীহ, দাস, যিনি আসবেন এবং কষ্ট ভোগ করবেন ...
প্রভু বলেছেন:
“আমার লোকদের সান্ত্বনা দাও, জেরুশালেমের পাপ মুছে ফেলা হয়েছে।চ
“একজনের রব, সে ঘোষণা করবে, প্রভুর পথ প্রস্তুত করো।চ
“প্রভুর মহিমা প্রকাশিত হবে এবং সকলেই তা দেখতে পাবে।চ
“দেখো, আমার দাস বিজ্ঞতার সাথে রাজত্ব করবে।চ
“তাকে উচ্চ ও মহিমান্বিত করা হবে।চ
“কিন্তু এমন কোন মহিমা থাকবে না যা লোকেদের তার কাছে আকৃষ্ট করবে।চ
“তাকে ঘৃণা করা হবে এবং ক্ষতবিক্ষত করা হবে যেন তাঁকে একজন মানুষ হিসাবে চেনা না যায়।চ
“তিনি আমাদের পাপের জন্য ক্ষতবিক্ষত হবেন, এবং তাঁর ক্ষত দ্বারা আমরা সুস্থ হয়ে উঠব।চ
“তিনি নিজেকে দোষার্থকবলি হিসাবে উত্সর্গ করবেন।চ
প্রভু বলেন, “শোনো এবং তুমি বাঁচবে।চ
“আমি তোমাদের সঙ্গে একটি চিরস্থায়ী নিয়ম করব, আমার বিশ্বস্ত প্রেম, যা দায়ূদকে দেখানো হয়েছে।চ
“মুক্তিদাতা সিয়োন এবং যারা তাদের পাপের জন্য অনুতাপ করবে তাদের কাছে আসবেন।চ


হিষ্কিয় মারা গেলেন এবং তাঁর পুত্র মনঃশি সিংহাসন গ্রহণ করলেন।
তিনি একজন দুষ্ট রাজা, তিনি পৌত্তলিক উপাসনা ফিরিয়ে আনার অনুমতি দিয়েছিলেন এবং সদাপ্রভুর ভাববাদীদের হত্যা করেছিলেন।
হেসদাপ্রভু! আমি আপনার দয়া, প্রেম এবং করুণার কথা অবিরত বলতে থাকব!
সদাপ্রভু, এ যেন এমন যে আপনার লোকেরা আপনাকে কখনই জানেনি!
আমরা অশুচি, এমনকি আমাদের ধার্মিক কাজও নোংরা কাপড়ের মতো!
আমরা মাটি; আপনি কুমোর!
আমাদের পাপ চিরকাল মনে রাখবেন না!
মনে রাখবেন আমরা আপনারই লোক!
আপনি কি চুপ করে থাকবেন?
আমি এক বিদ্রোহী লোকের দিকে হাত প্রসারিত করেছি।
স্বর্গ আমার সিংহাসন। পৃথিবী আমার পাদপীঠ;
কিন্তু আমি সেই ব্যক্তির দিকে তাকাব যাঁর মধ্যে নম্র আত্মা রয়েছে।
জেরুশালেমে আনন্দ ফিরে আসবে।
এবং জ্বলন্ত-আগুনের মতো বিচার সমস্ত জাতির উপরে নেমে আসবে।
আমার সামনে এক নতুন আকাশ এবং নতুন পৃথিবী স্থায়ী হবে।
তোমাদের বংশধরেরাও তাই হবে।
এবং সমস্ত মানবজাতি আমার সামনে এসে প্রণাম করবে।
কিছু লোক বিশ্বাস করেন যে মনঃশি যিশাইয়কে হত্যা করেছিলেন।
কিন্তু যিশাইয়ের জীবনের বেশিরভাগ বিবরণের মতোই তাঁর মৃত্যুর বিবরণও অজানা।






যিশাইয় ৪০:১০-১১; লূক ৪:১৬-২১



তাঁর নাম ছিল যিরমিয়।
যিরমিয়
এছাড়াও “কাঁদুনে ভাববাদী” হিসাবেও পরিচিত।
তিনি বিলাপগাথা লেখার জন্যও পরিচিত, তিনি যিহূদার একজন ভাববাদী ছিলেন।
তিনি যাজকদের, রাজা এবং সাধারণ লোকদের কাছে ঈশ্বরের কথা বলতেন।
কখনও কখনও এই বার্তা ভালভাবে গ্রহণ করা হয়নি।
এটি ছিল বড় রাজনৈতিক অনিশ্চয়তা ও অশান্তির এক সময়।
অহহহহহহহ!!!
যিহূদার চারপাশে, সাম্রাজ্যগুলির উত্থান এবং পতন হয়েছে।
যিহূদাতে, নেতারা এসেছে এবং চলে গিয়েছে।
কিন্তু যিরমিয় তার লক্ষ্যে এবং ঈশ্বরের অপরিবর্তনীয় বার্তায় বিশ্বস্ত ছিলেন।


এমনকি যখন এটি তাকে এমন একটি জায়গায় রাখে।
তিনি যখন তাঁর কাজ শুরু করেছিলেন তখন পরিস্থিতি এমন ছিল না।


যোশিয়ের রাজত্বের তেরো বছরের সময় যিরমিয়ের ডাক এল।
যোশিয়, যখন রাজা হয়েছিলেন তখন তিনিএকজন বালক ছিলেন।
যোশিয়, যিনি যুবক বয়সেইঈশ্বরকে অনুসরণ করেছিলেন।
যোশিয়, যিনি মূর্তিগুলি ভেঙে ফেলেছিলেন এবং মন্দির মেরামত করেছিলেন।


যিরমিয়ের পিতা হিল্কিয় যিনি একজন যাজকছিলেন।
যিরমিয় নিজেও যাজকত্বের জন্য প্রস্তুত হচ্ছিলেন।
পুত্র, পড়া শেষ হয়ে গেলে পুঁথিগুলি অবশ্যই সরিয়ে রেখো।
হ্যাঁ, বাবা।
একজন রাজা সদাপ্রভুর অনুসরণকারী হলে লোকেরাও যে হবেতার কোনো মানে নেই।
সুতরাং, সদাপ্রভু লোকেদের জন্য একটি বার্তা নিয়ে যিরমিয়ের কাছে এসেছিলেন ...
যিরমিয়
কে ... কে ওখানে!?!
আমিই তোমাকে তোমার মাতৃগর্ভে সৃষ্টি করেছি।
তোমার জন্মের আগেই আমি তোমাকে জাতিদের কাছে আমার ভাববাদী হিসাবে নিযুক্ত করেছিলাম!
সদাপ্রভু, আমি এটি করতে পারব না! আমি যুবক! আমি লোকেদের সঙ্গে কীভাবে কথা বলতে হয় তা জানি না ...
তুমি বলো না যে তুমিঅল্প বয়সী!
যাও! আমার কথা লোকেদের কাছে বলো!
ভয় কোরো না, কারণ আমি তোমার সঙ্গে আছি!
আমি আমার কথা তোমার মুখে দিয়েছি!






শাস্ত্রাংশ: যিরমিয় ১-৪, ৭


কীভাবে আমরা তাকে তার বার্তা প্রচারে বাধা দেব?
গাছ ধ্বংস করলে ফল নিজে থেকেই ধ্বংস হবে!
তাকে এখনই হত্যা করেতেখন তাঁর কথা সবাই ভুলে যাবে...
আনাথোতেতোম ার বাড়ির কিছু লোক তোমাকে হত্যা করতে চায় ।
সদাপ্রভু আমি আপনারপ্রতি প্রতিজ্ঞাবদ্ধ!
আপনি ধার্মিকতায় বিচার করেন! তাদের হৃদয় পরীক্ষা করুন এবং আপনার প্রতিশোধ নিয়ে আসুন ...
কিন্তু আমাকে বল! দুষ্টরা কেন সমৃদ্ধ হয়?
কতদিনএমন হতে থাকবে?
আমি আমার লোকদের ভালবাসি, কিন্তু আমি তাদের শত্রুদের হাতে তুলে দিয়েছি।
কিন্তু আমার সহানুভূতি থাকবে!
ইস্রায়েলের চারপাশের রাজ্যগুলি স্থানান্তরিত হয়েছিল এবং যুদ্ধ করেছিল, তাদের উত্থান এবং পতন হয়েছিল।
যোশিয় মিশরের বিরুদ্ধে যুদ্ধে ছদ্মবেশ ধারণ করেছিলেন।
কিন্তু তিনি মারা যান।
যিহোয়াহস, তাঁর প্রিয় তৃতীয় পুত্রকে সিংহাসন দেওয়া হয়েছিল।


যিরমিয় যোশিয়ের মৃত্যুর জন্য শোক প্রকাশ করেছিলেন।
পরে, ঈশ্বর আবার যিরমিয়ের সাথে কথা বললেন।
তিনি বললেন, “একটি মসিনার কোমরবন্ধ ক্রয় করো।”
“এটি তোমার পোশাকের নীচে পরো এবং এটি জলে ধোবে না।”
কিছু দিন পরে, ঈশ্বর তাঁর সাথে আবার কথা বললেন, “যতক্ষণ না আমি তোমাকে এটিকে আবার বার করতে বলি ততক্ষণ এটিকে পাথরের মধ্যে লুকিয়েরাখো।”
কিছুদিন পরে তাকে মাটি থেকে সেই কোমরবন্ধটি নেওয়ার জন্য বলা হোল।
নষ্ট হয়ে গিয়েছে ...
ব্যবহারের অযোগ্য...
এবং যখন আমার লোকদের অন্তর আমার কাছ থেকে সরে যায়, তারাও ব্যবহারের অযোগ্য।
তাদের গর্ব ও সম্মান নষ্ট হয়।
২ বংশাবলি ৩৫:২৫; যিরমিয়১৩




২রাজাবলি২৩:৩১-৩৪; যিরমিয় ২৬:১-১১, ২০-২৩





যিরমিয় ২৬:১২-১৯; ২২



যিহোয়াকিমের চতুর্থ বর্ষে
বারূক, আমি একজন লেখক হিসাবে তোমার সাহায্য চাই।
এবং আরও একটি কাজ আছে ...
বারূক ঈশ্বরের কাছ থেকে পাওয়া বার্তাটিবিস্তারিতভাবে লিখলেন--
--যদি তারা অনুতপ্ত না হয় তবে যিহূদাতে যে বিপর্যয় ঘটবে তার বিষয়ে লিখলেন।
আমি তোমাকে বলেছিলাম যে একজন লেখকের থেকেও তোমার সাহায্য আমার আরো বেশি প্রয়োজন।
আমার মন্দিরে যাওয়ার অনুমতি নেই।
আমার জায়গায় তুমি গিয়ে লোকদের কাছে এটি পড়া তোমার দরকার।
আমি? কিন্তু
লোকেরা উপবাস করার সময় এই কথাগুলি পড়ুন।
সম্ভবত তারা তাদের পথ পরিবর্তন করবে ...
বারূক তাই করল । এবং তারপর
প্রভু তাঁর ভাববাদী যিরমিয়র মাধ্যমে এই কথা বললেন!
হে যুবক!
তুমি এখনই আমার সাথে এসো!
শাস্ত্র: যিরমিয় ৩৬:১-১৪


বারূককে কর্মকর্তাদের কাছে পুঁথিটি পড়ার আদেশ দেওয়া হোল।
যখন সে তা পড়ে শেষ করল ...
যিরমিয় কি এই নির্দেশ দিয়েছে?
হ্যাঁ।
আমাদের অবশ্যই এটি রাজাকে জানাতে হবে।
তোমাকে এবং যিরমিয়কে অবশ্যই যেতে হবে।
লুকিয়ে রাখো।
রাজার এই কথাগুলি শোনার প্রয়োজন, কিন্তু তিনি খুশি হবেন না।
পুঁথিটি যিহোয়াকিমের কাছে নিয়ে আসা হোল এবং জোরে জোরে পড়া হোল।
এবং এর প্রতিটি অংশ পড়ার পরে -
--টুকরা--
- টুকরো করে --
- যিহোয়াকিম যিরমিয়ের পুঁথিটি ধ্বংস করেছিলেন।
যিরমিয় ৩৬:১-২৫


প্রভু যিরমিয়কেএটি আবার লিখতে বললেন।
“... তুমি পুঁথিটিকেপুড়িয়ে ফেলেছ এবং বার্তাটিকে অবহেলা করেছ।চ
“তুমি বেশি দিন আর এই সিংহাসনে বসবে না।চ
“তোমারদেহ আকাশের নিচে ফেলে রাখা হবেঢ়
“--এবং আমার কথা না শোনার জন্য জেরুশালেমকে শাস্তি দেওয়া হবে।চ
এখন, এই পুঁথিটি তাদের কাছে নিয়ে যাও।
এই সমস্ত দুঃখ এবং বেদনা
আমি এটি বহন করতে পারব না!
সদাপ্রভু তোমাকে বলেছেন, “বারূক, আমি এই সব কিছুই করব।চ
“আরতুমি যেখানেই যাবে, সেখান থেকে তুমিতোমার জীবন নিয়ে ফিরে আসতে পারবে।চ
ঈশ্বর যিরমিয়কে অনান্য জাতির জন্য আরও বার্তা দিয়েছিলেন এবং বারূক সেগুলি লিখেরেখেছিলেন।
... তেইশ বছর ধরে আমি ঈশ্বরের বার্তা বলেছি, কিন্তু তুমি শোন নি!
এখন সদাপ্রভু বলছেন, “আমি উত্তর থেকে বাবিলের রাজা নবূখদ্‌নিৎসরকে আনব!চ
“জাতিগুলিসত্তর বছর ব্যাবিলনের সেবা করবে!চ
“আমার ক্রোধ ঢেলে দেওয়া হবে।চ
যিরমিয়ের কাছে প্রকাশিত হওয়া ঈশ্বরের বাক্য জাতিগুলির মধ্যেপ্রচার করা হোল--
--মিশরীয়দের, ফিলিস্তিনীদের, আরবীয়দের এবং আরও অনেকের মধ্যে।


ব্যাবিলনের শক্তি বৃদ্ধি পেল এবং যিহোয়াকিম বিদ্রোহ করেছিলেন। আক্রমণকারীরা তাকে আক্রমণ করে এবং হত্যা করে।
যিরমিয় ভবিষ্যদ্বাণী অনুসারে, তাকে সম্মান কোনো প্রদর্শন বা শোক ছাড়াই সমাধিস্থ করা হয়েছিল।
তার আর এক ভাই, যিহোয়াখীন একশো দিন রাজত্ব করেছিলেন --
--যতদিন না ব্যাবিলন সিদিকিয়কে মুকুটপরালো ।
সিদিকিয়ের অধীনেব্যাবিলনের সময়ে, সদাপ্রভুর বাক্য যিরমিয়ের কাছে উপস্থিত হোল ।
তুমি কী দেখতে পাচ্ছো?
কিছু ডুমুর! কিছু পাকা, কিছু পচা!
ব্যাবিলন তোমার অনেক লোককে নিয়ে গিয়েছে।
সেই লোকেরা এই ভালো ডুমুরের মতো।
আমি তাদের উপর নজর রাখব, তাদের দেখাশোনা করব এবং তারা আবার এই দেশে ফিরে আসবে।
জেরুশালেমে যারা এখনও আছে তারা এই খারাপ ডুমুরের মতো।
আমি তাদের শাস্তি দেব। তাদের ঠাট্টা-বিদ্রূপ করা হবে এবংতারা ধ্বংস হবে।
পরে, সদাপ্রভু যিরমিয়কে তাঁর কাঁধের জন্য একটি জোঁয়াল তৈরি করতে এবং অন্য বার্তা দেওয়ার জন্য বললেন ...
জাতিগুলি ব্যাবিলনের সেবা করবে!
তারা যদি প্রতিরোধ করে, তবে তারা দুর্ভিক্ষ ও যুদ্ধে জর্জরিত হবে!
যিরমিয়ের প্রচারের ফলে তাকে রাজা সিদিকিয়ের সামনে নিয়ে যাওয়া হোল।
তোমারনাট্যকার তার অর্থ কী?
সদাপ্রভু তোমার ঘাড় ব্যাবিলনের জোঁয়ালের অধীনে রাখার জন্য বলেছেন!
কিছু ভাববাদীরা বলছে, “ব্যাবিলনের রাজার সেবা করো না!চ



সদাপ্রভু তাদের প্রেরণ করেন নি। তারা মিথ্যাবাদী।
তারা বলেছে যে মন্দির থেকে যে জিনিসগুলি নেওয়া হয়েছে তা শীঘ্রই ফিরে আসবে।
ঈশ্বরযতক্ষণ না অনুমতি দেন ততক্ষণ ব্যাবিলন যা নিয়ে গিয়েছে তা আর ফিরে আসবে না।
বাবিলের রাজার সেবা কর এবং বেঁচে থাক।
যদি এই মিথ্যা ভাববাদীদের কথা শোন তবেতুমি মারা যাবে।
এবং তারাও যাবে।
যিরমিয় তাঁর বার্তা অবিরত প্রচার করতে লাগলেন, মন্দিরে কথা বলতে লাগলেন ...
প্রভু বলেছেন যে তাঁর মন্দির থেকে চুরি করা জিনিস তিনি ফিরিয়ে আনবেন এবং দুই বছরের মধ্যে যিহোয়াকীনকে ফিরিয়ে আনবেন!
তিনি বললেন তিনি ব্যাবিলনের জোঁয়াল ভেঙে ফেলবেন!
সেটি খুবই সুন্দর হবে!
যদি এটি সত্যি হয়!
একজন ভাববাদীঈশ্বরের পাঠিয়েছেন, যদি তার কথা সম্পূর্ণ হয়!
আর আমি বলছি, প্রভু দুবছরের মধ্যে ব্যাবিলনের জোয়াল ভেঙে ফেলবেন!
ক্র্যা-ক
তুমি কাঠের জোঁয়াল ভেঙে ফেলেছ, কিন্তু সদাপ্রভু সমস্ত জাতির উপরে লোহার জোঁয়াল রেখেছেন।
হনানীয়তুমি এক বছরের মধ্যে মারা যাবে, কারণ তুমি তোমার কথার দ্বারা ঈশ্বরের বিরুদ্ধে পাপ করেছ।






যিরমিয় ২৮:১৭; ২১; ২৭:১-২৩


এই চিঠিটি যদিও ব্যাবিলনের ইহুদিদের কাছে নিয়ে যাওয়া হয়েছিল।
কিন্তু জেরুশালেমের লোকেরাও এটি পড়েছিল।
তারা চায় আমি যেন তোমাকেবন্দী করি!
শেমাইয়াভাববাদী চায়, আমি যেন তোমাকে ভবিষ্যদ্বাণী করার জন্যঅবশ্যই শাস্তি দিই!
ব্যবিলনে আমাদের লোকেরা সত্তর বছর সেখানে থাকবে!
দুই বছর নয়, যেমন সেই মিথ্যা ভাববাদীদের বলে!
সদাপ্রভু বলেন শেমাইয়াকে শাস্তি দেওয়া হবে।
সদাপ্রভু তাঁর লোকদের জন্য যে ভাল কাজ করেছেন তা দেখার জন্য সে বেঁচে থাকবে না।
আমার আর একটি বার্তা আছে যা আমাকে অবশ্যই রাজা সিদিকিয়ের সামনে বলতে হবে।
রাজা সিদিকিয়, সদাপ্রভু আমাকে বলেছিলেন যে তুমি বাবিলের শক্তি থেকে রক্ষা পাবে না!
কিন্তু জেরুশালেম, লাখীশ এবং অসেকা সকলেই এখনো অবশিষ্ঠ আছে!
তোমাকে বন্দী করে ব্যাবিলনে নিয়ে যাওয়া হবে এবং নবূখদ নিৎসরকে মুখোমুখি দেখবে। কিন্তু--
--তুমি তরোয়াল দ্বারা মারা যাবে না।
সদাপ্রভু প্রতিজ্ঞা করেছেনতুমি শান্তিতে মারা যাবে।
সিদিকিয় যিরমিয়ের কথা অগ্রাহ্য করলেন।
তখন মিশর ব্যবিলনের বিরুদ্ধে যুদ্ধ করছিল, তাই নবূখদ্‌নিৎসর তাঁর সৈন্যবাহিনীকে জেরুশালেম থেকে দূরে সরিয়ে নিয়েছিলেন।


রাজা সিদিকিয় আবার বলল, যে তুমি আমাদের ইয়েসদাপ্রভুর কাছে যাও।
ফৌরণের সেনাবাহিনী চলে গিয়েছে!
এবং ব্যাবিলন আবার ফিরে আসবে!
যিরমিয় তোমার ভবিষ্যদ্বাণীগুলি মিথ্যা, এবং তোমার কথাগুলি অনেকটা রাষ্ট্রদ্রোহীরমতো...
পরে
যিরমিয়, তুমি কোথায় যাচ্ছ?
সেনাপতিযিরিয়, আমি কিছু সম্পত্তি কিনতেবিন্যামীন প্রদেশে যাচ্ছি।
না! আমি আমাদের রাজা এবং ব্যাবিলনেরবিষয়ে তোমার কথা শুনেছি!
তুমি ব্যাবিলনীয়দের সাথে যোগ দিতে যাচ্ছ!
তোমাকে গ্রেপ্তার করা হোল!
যিরমিয়ের বার্তা সম্পর্কে সবাই ক্রুদ্ধ হোল, কেউই তার প্রতিবাদ শোনেনি।
সপাত
তাকে প্রহার করা হয়েছিল--
--এবং একটি ভূগর্ভস্থ কারাগার কক্ষে রাখা হয়েছিল।
অনেক দিন পর্যন্ত তিনি সেখানে ছিলেন, যতক্ষণ না
রাজা সিদিকিয় তোমাকে ডেকেছেন।


তোমাকে শহর ছেড়ে যেতে দেখা গিয়েছে।
আমি কিছু সম্পত্তি কিনতে যাচ্ছিলাম কারণ--
তাতে আমার কিছু যায় আসে না! আমি জানি তুমি ব্যাবিলনের প্রতি বাধ্যস্বরূপ নও!
আমি যা জানতে চাই তা হোল--
--আমার জন্য ঈশ্বরের কাছ থেকে কোনো বার্তা কি তোমার কাছে আছে?
হ্যাঁ!
তোমাকে ব্যাবিলনীয়দের হাতে তুলে দেওয়া হবে।
বাহ!
আমি কারাগারে কেন বন্দী? আমি তো কোন অপরাধ করিনি!
দয়া করে আমাকে আবার সেই কুঠুরিতে পাঠাবেন না!
আমি সেখানে মরে যাব!
সিদিকিয়ের করুণা হোল।
পাহারাদারদের উঠোনে তাঁকে বেঁধে রাখা হোল,তাঁর সাথে লোকেদের দেখা করার অনুমতি দেওয়া হয়েছিল, কিন্তু তাঁকে ছেড়ে দেওয়ার অনুমতি দেওয়া হয়নি।
সব ঠিক আছে?
জমি কেনা হয়ে গিয়েছে।
যিরমিয় ৩৭



কিছুক্ষন পর
তুমি আমাদের পরাজয়ের বিষয়ে ভবিষ্যদ্বাণী করে চলেছ।
কেন থামছ না?
কিছুক্ষণ আগে, সদাপ্রভু আমাকে বলেছেন একজন আমার সঙ্গে একজন দেখা করতে আসবে।
আমার ভাইপো। ঈশ্বরের কথা মতো সে এসেছিল।
তিনি চেয়েছিলেন যেন আমি বিন্যামীন প্রদেশে একটি জমি কিনি।
বন্দী হওয়ার আগে আমি সেখানেই যাচ্ছিলাম।
সুতরাং, আমি তাই করলাম। সম্পূর্ণ নিয়মমাফিক। আমার কাগজপত্র আছে।
এখানে।
তুমি কি জানো কেন?
এই মাটির পাত্রটি সেই দেশের দলিলটিকে রক্ষা করেছে।
সদাপ্রভু বলেন, এই জাতিআগুনে জ্বলবে, কিন্তু তিনি তাঁর লোকদের রক্ষা করবেন।
একদিন লোকেরা আবার জমি কেনা বেচা করবে।
প্রভু বলেন, "আমি পৃথিবী তৈরি করেছি। আমাকে ডাকো এবং আমি তোমাদের উত্তর দেব!"
জেরুশালেম মরুভূমির মতো প্রাণহীন হবে।
কিন্তু প্রভু বলেন, "আমি আমার লোকদের সুস্থ করব!"
অন্যান্য জাতি বলে ঈশ্বর আমাদের দিকথেকে মুখ ফিরিয়ে নিয়েছেন!
কিন্তু ঈশ্বর তাঁর নিয়মের কথা স্মরণ করেন!
তিনি আবার তাঁর লোকদের আশীর্বাদ করবেন এবং ভালোবাসবেন!




যিরমিয় ৩২-৩৩


আমার প্রভু এবং রাজা, ব্যাবিলনের কাছে আত্মসমর্পণের জন্য যিরমিয়েরযে আহ্বানতা বিশ্বাসঘাতকতা!
তাকে হত্যা করা উচিত!
আমার ছেলে সত্য কথাই বলছে!
যিরমিয়ের কথা আমাদের লোকদের আশা নষ্ট করছে!
এবং আমাদের সৈন্যদেরও আশা!
তারা ভাবছে যেতারা কেন যুদ্ধ করতে যাচ্ছে!
আমি ওকে তোমার হাতে দিলাম।
এবং তাই...
এখন কেউ আর তোমার হতাশার ধ্বংসের ও অন্ধকারেরধূর্ত ভাববাণী শুনবে না!!!
যিরমিয়কেদেখতে পাওয়া যাচ্ছিল না।
কিন্তু তাকে ভুলে যাওয়া হয়নি।
যা ঘটেছিল তা শহরের মধ্যে ছড়িয়ে পড়ল।
আমাকে কি পরিত্যক্ত হয়েছি?
আমি কি এখানেই মারা যাব?


রাজা সিদিকিয়, আপনি কি শুনেছেন যে আপনার ভাববাদী যিরমিয়ের কি হয়েছে?
শুকনো কূপে একজন মানুষ অনাহারে মারা যাবে, সেটিইআমার উদ্বেগের কারণ,এটি মন্দবিষয়।
এবদ-মেলক, আপনি একজন বিদেশী কর্মকর্তা হয়ে এটি আপনাকে কীভাবে উদ্বিগ্ন করে?
আপনি কি চান?
আমি তোমার ঈশ্বরকে অনুসরণ করি।
এবং আমি ঈশ্বরের একজন মানুষকে সাহায্য করতে চাই।
এবং তাই…
দড়ির যন্ত্রণা থেকে রক্ষার জন্য ন্যাকড়াগুলি আপনার বগলের নীচে রাখুন!
এবদ-মেলক, আমি অবশ্যই তোমাকে ধন্যবাদ জানাতে চাই।
ভয়ঙ্কর জিনিস ঘটতে চলেছে।
প্রভু বলেন যে যেহেতু তুমি তাঁর উপর নির্ভর করোতাইতুমি উদ্ধার পাবে এবং নিস্কৃতি পাবে।
সিদিকিয় আপনার সঙ্গে...একা দেখা করতেচাইছেন।
তোমার জন্য আমার একটি প্রশ্ন আছে এবং সততার প্রয়োজন।
কেন?যথারীতি, জানি তুমি শুনবে না।
আমি তোমাকে যা বলতে চাই তা আমি পরিবর্তন করতে পারব না!

যিরমিয় 38:7-15


সদাপ্রভু আমাদের বাবিলের হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন!
যদি তুমি আত্মসমর্পণ করো তবে তুমিব্যাবিলনের কাছে নয়, ঈশ্বরের ইচ্ছার কাছেই আত্মসমর্পণ করবে!
কিন্তু আমি ভীত!
অধিকারের দিক থেকে এই সিংহাসন আমার নয়!
আমাকে ব্যাবিলনের ইহুদিদের হাতে তুলে দেওয়া হবে এবং তারা আমাকে আঘাত করবে বা হত্যা করবে!
না! সদাপ্রভুর বাধ্য হও এবং সমস্ত কিছুই তোমার জন্যভালো হবে।
কিন্তু যদি অমান্য করো,তাহলে আরও অনেকেকষ্ট পাবে।
আমি এটি বিবেচনা করে দেখব।
আমরা যে কথা বলেছি তা কাউকে বলো না।
যিরমিয়কে উঠোনে ফিরিয়ে নিয়ে যাওয়া হয়েছিল।
সিদিকিয়ের এগারোতম বছরে, ব্যাবিলনের সেনাবাহিনী তাঁর রাজ্য দখল করেছিল। সিদিকিয় আত্ম সমর্পণ করেন নি।
বরং, তিনি পালিয়ে গিয়েছিলেন।
তিনি এবং তাঁর সেনাপ্রধানেরাযখন ধরা পড়েন, তখন তাঁর পরিবারকে তাঁর চোখের সামনেই হত্যা করা হয়।
তারপরে তাঁর চোখ অন্ধ করে দেওয়া হয়েছিল।
যাজক, উপদেষ্টা এবং আধিকারিকদের বন্দী করে তারা শহর ও মন্দির লুট করেছিল।
যিরমিয় 38:16-28; 39:1-10, 15-18


বিলাপ
কিন্তু যিরমিয়কে না।
আপনি আমাদের সাথে ব্যাবিলনে নির্দ্বিধায় আসতে পারেন।
আমি আপনার ঈশ্বরের কাছ থেকে আপনার কথা শুনেছি এবং সেগুলি সত্য হয়েছে।
আমি আপনাকে ভিতরে নিয়ে যাব৷ আপনাকে সুরক্ষায় রাখব৷
না। তবে আপনার দয়ার জন্য আপনাকে ধন্যবাদ।
তাহলে মিসপাতে গদলিয়ের কাছে যাও।
তিনি সেই শাসনকর্তাযাকে আমরা যিহূদাতে থাকা লোকেদের উপরে নিযুক্ত করেছি।
এর পরে, জেরুশালেম নগরের জন্য বিলাপের বইটি লেখা হয়েছিল।
"এই নগর কতই না নির্জন হয়ে পড়েছে, একসময় লোকেপরিপূর্ণ ছিল।"
"যে একসময়ে রাণী ছিল সে এখন ক্রীতদাসীতে পরিণত হয়েছে৷"
"তার শত্রুরা এখন তার প্রভু হয়েছে।"
"তার সন্তানেরা নির্বাসনে আছে।"
"তার শত্রুরা তার ধন-সম্পদে তাদের হাত দিয়েছে।"
"সদাপ্রভু তাঁর বাসস্থান নষ্ট করে দিয়েছেন এবং তাঁর সভাস্থলটি নষ্ট করেছেন।"
"তিনি রাজা এবং যাজক উভয়কেই বহিষ্কার করেছেন।"


"সদাপ্রভু তাঁর ক্রোধ ঢেলে দিয়েছেন।"
"সদাপ্রভু, আমাদের স্মরণ করুন এবং আমাদের অপমান দেখুন।"
"সদাপ্রভু, আমাদের পুনরুদ্ধার করুন এবং আমাদের নবজীবন দান করুন।"
"আমি দুঃখ কষ্ট দেখেছি।"
"আমি আমার বিচরণ স্মরণ করি এবং আমার আত্মা হতাশাগ্রস্ত হয়ে পড়েছে।
"তবুও, আমার স্মৃতিগুলি আমাকে আশা দেয়।"
"সদাপ্রভুর প্রেমের কারণে, আমরা নষ্ট হই নি।"
"সদাপ্রভু লোকেদের চিরকালের জন্য পরিত্যাগ করেন না।"
"সদাপ্রভু আমি গর্তের গভীরতা থেকে আপনারনামে ডেকেছি।"
আমি যখন আপনাকে ডেকেছিলাম তখন আপনি কাছে এসেছিলেন, এবং বলেছিলেন "ভয় কোরো না।"
যিরমিয় তাঁর দেশবাসীর সাথে মিসপাতে চলে গেলেন।
এর পরই, শাসনকর্তা গদলিয়াকে হত্যা করা হয়েছিল।
এটি এলাকায় আরও অস্থিরতার সৃষ্টি করলো।
লোকেরাযিরমিয়ের কাছে এসেছিল, তারা সান্ত্বনার বাণী শুনতে চাইছিল।
সদাপ্রভু বলেন ভয় কোর না! এখানে, ঈশ্বর তোমাদের রক্ষা করবেন!
কিন্তু যারা মিশরে পালিয়ে যাবে তারা যুদ্ধ, খিধে ও মহামারী দ্বারা ক্ষতিগ্রস্ত হবে!
লোকেরা মিশরে পালিয়ে গেল।
যিরমিয় 40-41; বিলাপ 3-5


মিশরে, শীঘ্রই তারা অন্যান্য দেবতাদের উপাসনা শুরু করে দিল।
তোমরা কি ভুলে গিয়েছ!
তোমরা অন্যান্য দেবতাদের উপাসনা করছ এবং কী তোমাদের এমন করতে বাধ্য করছে?
আমাদের জমি শূন্য মরুভূমিতে পরিণত হয়েছিল!
এখন তোমরা এখানেওসেই একই কাজ করছ!
যিরমিয়, আমরা তোমার কথা শুনব না!
এবং আমরা আকাশেররানীর প্রতি ধূপ জ্বালানো এবং নৈবেদ্য উত্সর্গ করা বন্ধ করব না!
আমি তোমাকে বিশ্বাস করি।
যিহূদা ব্যবিলনের হাতে হস্তান্তরিত হয়েছিল, এবং তোমাদের নতুন বাড়ি মিশরও হবে!
মিশরে বাসকারী যিহূদার সমস্ত লোক মারা যাবে।
এটি তোমাদের কাছে একটি চিহ্ন: ফোরন হোফ্রা নবূখদ্নিৎসরকে হস্তান্তর করা হবে--
-- যেমন সিদিকিয়কে করা হয়েছিল!
তাঁর নাম ছিল যিরমিয়। কাঁদুনে ভাববাদী।
তিনি অনিশ্চয়তা ও অশান্তির সময়ে ছিলেন।
সাম্রাজ্যগুলির উত্থান এবং পতন হচ্ছিল। বিভিন্নশাসকেরা এসেছিল এবং চলেগিয়েছিল।
কিন্তু যিরমিয় তার লক্ষ্যে এবং ঈশ্বরের অপরিবর্তনীয় বার্তার প্রতি বিশ্বস্ত থেকেছিলেন।

"THE BIBLE EXPLAINED IN EVERY LANGUAGE."





**SUPERBIBLE.TV**